

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ২৯, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে ফেব্রুয়ারী ১৯৯৬ ইং/১৭ই ফাল্গুন ১৪০২ বাং

এস, আর, ও, নং ৩৪-আইন/৯৬/১২৫-মসক-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—(১)বিধি-৪ উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(৫) তালিকাভুক্ত ব্যক্তি টার্ন-ওভার কর, ইচ্ছা করিলে, মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতেও প্রদান করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে তালিকাভুক্ত ব্যক্তিকে তালিকাভুক্ত হওয়ার তারিখ হইতে পরবর্তী ত্রিশ দিনের মধ্যে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তির ক্ষেত্রে টার্ন-ওভার করের যথাক্রমে বার ভাগের এক ভাগ ও চার ভাগের এক ভাগ পরিমাণ উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। অবশিষ্ট প্রদেয় টার্ন-ওভার কর, মাসিক ভিত্তির ক্ষেত্রে পরবর্তী প্রতি মাসের পনের দিনের মধ্যে এবং ত্রৈমাসিক ভিত্তির ক্ষেত্রে, প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে টার্ন-ওভার কর পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্ত হওয়ার দিন হইতে শুরু করিয়া যথাক্রমে প্রতি মাস ও প্রতি তিন মাস (ইংরেজী মাস) অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে ফরম “মসক-৪” এ বিভাগীয় কর্মকর্তার নিকট পৃথক পৃথক কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ করিতে হইবে এবং দাখিল পত্রের সহিত টার্ন-ওভার কর পরিশোধের প্রমাণ স্বরূপ ট্রেজারী চালানের মূল কপিও সংযুক্ত করিতে হইবে।” এবং

(৪৫৩১)

মূল্য: টাকা ১.০০

২। ফরম “মুসক-৩” এ বর্ণিত টার্নওভার কর সম্পর্কিত নির্দেশাবলীর ক্রমিক ৩, ৪, ৫, ৬ ও ৭ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ৩, ৪, ৫, ৬ ও ৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৩। বার্ষিক এককালীন, মাসিক বা ট্রেমাসিক ভিত্তিতে টার্নওভার কর প্রদেয়।

৪। বার্ষিক এককালীন টার্নওভার কর পরিশোধের ক্ষেত্রে প্রথম বার তালিকাভুক্তির ত্রিশ দিনের মধ্যেই পরিশোধ করিতে হইবে, এবং পরবর্তী সময়ে প্রতি আর্থিক বৎসরের জুলাই মাসের বিশ তারিখের মধ্যে উক্ত কর পরিশোধ করিতে হইবে।

৫। মাসিক ও ট্রেমাসিক ভিত্তিতে টার্নওভার কর পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্তির ত্রিশ দিনের মধ্যে টার্নওভার করের যথাক্রমে বার ভাগের এক ভাগ ও চার ভাগের এক ভাগ পরিশোধ করিতে হইবে। অবশিষ্ট কর মাসিক ভিত্তির ক্ষেত্রে পরবর্তী প্রতি মাসের পনের দিনের মধ্যে এবং ট্রেমাসিক ভিত্তির ক্ষেত্রে প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে।

৬। টার্নওভার কর “১৮-অন্যান্য কর” খাতে সরকারী ট্রেজারীতে/বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

৭। এককালীন টার্নওভার কর প্রদানকারীকে বৎসরে শুধুমাত্র একবার, মাসিক ভিত্তিতে কর প্রদানকারীকে প্রতি মাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে এবং ট্রেমাসিক ভিত্তিতে কর প্রদানকারীকে প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে ফরম “মুসক-৪” এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিলপত্র পেশ করিতে হইবে।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

সাইফুল ইসলাম খান

সদস্য (মুসক)।